বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭২.৪২.০১০.২৪.১০৫৮

তারিখ: ২০ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **'ইউজিসি স্বর্ণপদক' ২০২৩ এর জন্য দরখাস্ত আহ্বান।**

জনাব,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, দেশের বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণকে তাঁদের মৌলিক গবেষণামূলক প্রবন্ধ ও পাঠ্যপুস্তক/গবেষণামূলক বা পর্যালোচনামূলক পুস্তকের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রতি বছর **'ইউজিসি স্বর্ণপদক'** প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় **২০২৩ সালে** প্রকাশিত (১লা জানুয়ারি - ৩১শে ডিসেম্বর ২০২৩) মৌলিক গবেষণামূলক প্রকাশনার নিমিত্ত **'ইউজিসি স্বর্ণপদক'** প্রদানের জন্য বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ থেকে দরখাস্ত আহ্বানের লক্ষ্যে **'প্রথম আলো'** ও **'New Age'** পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে (কপি সংযুক্ত) এবং একইসাথে বিজ্ঞপ্তিটি ইউজিসির ওয়েবসাইটে (www.ugc.gov.bd) আপলোড করা হয়েছে। আবেদনের সময়সীমা আগামী ০৫ নভেম্বর হতে ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত। সংযুক্ত বিজ্ঞপ্তিটি আপনার বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট/নোটিশবোর্ডে আপলোডের ব্যবস্থা গ্রহণসহ সকল শিক্ষকগণের মধ্যে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

০৫-১১-২০২৪
দেওয়ান গোলাম সারোয়ার
উপপরিচালক (সাইন্স এন্ড টেকনোলজি)
৫৮১৬০২৩১
dgsugc@ugc.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। রেজিস্ট্রার (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়) এবং
২। রেজিস্ট্রার (সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়)।

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭২.৪২.০১০.২৪.১০৫৮/১ (৫)

তারিখ: ২০ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। অতিরিক্ত পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন অনুবিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
২। একান্ত সচিব (উপসচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৩। ব্যক্তিগত কর্মকর্তা, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৪। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং

CamScanner

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন

নম্বর: ৩৭.০১.০০০০.০৭২.৪২.০১০.২৪.৩৯৪১

তারিখ: ২০ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি**

**বিষয়: ইউজিসি স্বর্ণপদক ২০২৩।**

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রবর্তিত ইউজিসি স্বর্ণপদক ২০২৩ প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তে **'myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা'**-এ রেজিস্ট্রেশনপূর্বক (https://www.mygov.bd/services/form?id=BDGS-1637554194) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

(১) দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে;

(২) প্রকাশিত প্রবন্ধ/পুস্তক অবশ্যই ২০২৩ সালে প্রকাশিত হতে হবে। দেশিয় সমস্যা সম্পর্কিত এবং দেশের মধ্যে সম্পাদিত গবেষণা কর্মের প্রকাশনাকে অগ্রাধিকার দেওয়া হবে;

(৩) যেকোনো প্রবন্ধ/পুস্তক পুনর্মুদ্রিত এবং অনলাইন প্রকাশনা গ্রহণযোগ্য হবে না;

(৪) শুধুমাত্র বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনাকর্ম এবং Review Article, ইন্সটিটিউট, একাডেমি, সোসাইটি, সমিতি কর্তৃক পত্রিকায়/স্যুভেনির-এ প্রকাশিত পর্যালোচনামূলক প্রবন্ধ/পুস্তক স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না। এছাড়া ডিগ্রি অর্জনের জন্য গবেষণাকর্মের ভিত্তিতে রচিত প্রবন্ধ/পুস্তকও ইউজিসি স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না;

(৫) চারুকলার ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনা, প্রদর্শনীর সিডি ও ক্যাটালগ এবং স্থাপত্যের ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের পোর্টফলিও আবেদনপত্রের সাথে জমা দিতে হবে;

(৬) আবেদনকারীকে আবেদন করার সময় অনধিক ২০০ (দুইশত) শব্দের মধ্যে একাডেমিক কার্যক্রমের উপর গুরুত্বারোপ করে জীবন-বৃত্তান্তের হার্ডকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন ছবি এবং বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনার তালিকা (যদি থাকে) যথাযথ রেফারেন্সসহ আবেদনপত্রের সাথে জমা দিতে হবে;

(৭) যৌথ/একাধিক প্রকাশনার ক্ষেত্রে Corresponding Author/First Author/Last Author সকল Co-author-দের সম্মতিপত্রসহ আবেদন করতে পারবেন। তবে পুস্তকের ক্ষেত্রে লেখকদের যৌথভাবে আবেদন করতে হবে;

(৮) একজন আবেদনকারী একই শাখায় একের অধিক আবেদন করতে পারবেন না। কোনো শাখায় একের অধিক আবেদন করলে ঐ শাখার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে;

(৯) আগামী ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে **'myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা'** -এ অনলাইনে আবেদন করতে হবে এবং একইসাথে আবেদনের প্রিন্ট কপিসহ প্রকাশিত প্রবন্ধের ক্ষেত্রে ৬ কপি এবং পুস্তকের ক্ষেত্রে ৪ কপি হার্ডকপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে **পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭** বরাবর পৌঁছাতে হবে;

CamScanner

(১০) নীতিমালা ও সম্মতিপত্রের নমুনা ইউজিসির ওয়েবসাইটের (www.ugc.gov.bd) সম্মাননা সেবাবক্সে **'ইউজিসি স্বর্ণপদক'**-এ দেওয়া আছে;

(১১) ইউজিসি স্বর্ণপদক প্রদান সংক্রান্ত বিষয়ে **কমিশন কর্তৃপক্ষ** যেকোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

০৫-১১-২০২৪
ড. ফেরদৌস জামান
পরিচালক

পরিচালক, জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (কমিশনের ওয়েবসাইটের স্ক্রলে প্রকাশসহ সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো);
২। অতিরিক্ত পরিচালক, রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন অনুবিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৩। উপপরিচালক (জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ), জনসংযোগ ও তথ্য অধিকার শাখা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য 'প্রথম আলো' ও 'New Age' পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো);
৪। একান্ত সচিব (উপসচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৫। ব্যক্তিগত কর্মকর্তা, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৬। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং
৭। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

CamScanner